রেজিস্ট্রারের কার্যালয়
বরিশাল বিশ্ববিদ্যালয়
ফোন: ০৪৩১-৬২২৪৪, ০১৭১১১৮২১৬৫, ফ্যাক্স: ০৪৩১-৬১৮২৭
web:https://bu.ac.bd, e-mail: registrar@bu.ac.bd

স্মারক নং-বিইউ/রেজি./একাডেমিক/ভর্তি পরীক্ষা/২০২৩-২০২৪/৬২১/৪২৭৫

তারিখ: ১৭ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ
০২ অক্টোবর ২০২৪ খ্রিস্টাব্দ

বরিশাল বিশ্ববিদ্যালয়ে ২০২৩-২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে কোটায় ভর্তির নোটিস

বরিশাল বিশ্ববিদ্যালয়ে কোটায় প্রাথমিকভাবে মনোনীত শিক্ষার্থীদের ফলাফল GST ওয়েবসাইটে (https://gstadmission.ac.bd/) এ লগইন (Student Login) এর মাধ্যমে জানা যাবে। যেসকল শিক্ষার্থী কোটায় ভর্তির জন্য প্রাথমিকভাবে মনোনীত হয়েছে সেসকল শিক্ষার্থী GST ওয়েবসাইটের মাধ্যমে আগামী ০৬/১০/২০২৪ তারিখ থেকে ০৮/১০/২০২৪ তারিখের মধ্যে প্রাথমিক ভর্তি ফি ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা অনলাইনে পরিশোধ করে প্রাথমিক ভর্তি নিশ্চিত করবে।

[বি.দ্র. যেসকল শিক্ষার্থী ইতোপূর্বে GST গুচ্ছভুক্ত কোন বিশ্ববিদ্যালয়ে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা জমাদানের মাধ্যমে (মেধায়/কোটায়) প্রাথমিক ভর্তি নিশ্চায়ন করেছে সেসকল শিক্ষার্থীদের উপরিল্লিখিত প্রক্রিয়া সম্পন্ন করার প্রয়োজন নেই। তারা সরাসরি চূড়ান্ত ভর্তির জন্য নিম্নেল্লিখিত ধাপসমূহ অনুসরণ করবে।]

যেসকল শিক্ষার্থী উপরিল্লিখিত প্রক্রিয়া পরিপালন করে প্রাথমিক ভর্তি নিশ্চিত করেছে সেসকল শিক্ষার্থী বরিশাল বিশ্ববিদ্যালয়ে চূড়ান্ত ভর্তির জন্য আগামী ০৬/১০/২০২৪ তারিখ থেকে ০৮/১০/২০২৪ তারিখের মধ্যে নিম্নের নির্দেশনা অনুসরণপূর্বক চূড়ান্ত ভর্তি কার্যক্রম সম্পন্ন করবে। এই সময়সীমার মধ্যে কোন শিক্ষার্থী ভর্তি হতে ব্যর্থ হলে তার মনোনয়ন বাতিল বলে গণ্য হবে।

প্রয়োজনীয় নির্দেশনা:

১) ভর্তির জন্য শিক্ষার্থী প্রথমে তার GST ভর্তি পরীক্ষার কক্ষ পরিদর্শকের স্বাক্ষর সম্বলিত মূল প্রবেশপত্র ও যেসকল শিক্ষার্থী ইতোপূর্বে (১ম ও ২য় প্রাথমিক তালিকায়) প্রাথমিকভাবে ভর্তিকৃত তারা GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়ে মূল ট্রান্সক্রিপ্ট জমাদানের রশিদ দেখিয়ে এবং যেসকল শিক্ষার্থী ইতোপূর্বে (৩য় ও ৪র্থ প্রাথমিক তালিকায়) প্রাথমিকভাবে ভর্তিকৃত কিন্তু মূল ট্রান্সক্রিপ্টদ্বয় কোন GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়ে জমাদান করেনি সেসকল শিক্ষার্থী মূল ট্রান্সক্রিপ্টদ্বয় প্রদর্শন করে ডিন অফিস থেকে কোটায় ভর্তির সিল সম্বলিত ভর্তি ফরম ও পে-স্লিপ সংগ্রহ করবে। উক্ত ভর্তি ফরম ও পে-স্লিপ যথাযথভাবে পূরণ করে এসএসসি ও এইচএসসি পরীক্ষার ট্রান্সক্রিপ্ট ও রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি, জাতীয় পরিচয়পত্র বা জন্মসনদের ফটোকপি, মূল প্রবেশপত্রের ফটোকপি, GST ভুক্ত বিশ্ববিদ্যালয়ে মূল ট্রান্সক্রিপ্ট জমাদানের রসিদের ফটোকপি এবং চয়েস ফরমের প্রিন্টআউটের মূল কপিসহ ফরমের যথাস্থানে এক কপি রঙিন ছবি লাগিয়ে এবং আরেক কপি রঙিন ছবি স্ট্যাপলারের মাধ্যমে সংযুক্ত করে ভর্তি ফরম ও পে-স্লিপ ডিন অফিসে জমা দিতে হবে। এছাড়াও ফরমের সাথে কোটার স্বপক্ষে নিম্নলিখিত কাগজপত্রাদির ফটোকপি সংযুক্ত করতে হবে।

i. মুক্তিযোদ্ধার সন্তান (সন্তান/সন্ততি) কোটায় আবেদনকারীদের জন্য-

ক)মুক্তিযোদ্ধার সনদ যা প্রধানমন্ত্রী কর্তৃক প্রতিস্বাক্ষরিত অথবা মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত
খ) মুক্তিযোদ্ধার জাতীয় পরিচয়পত্র/মৃত মুক্তিযোদ্ধার ক্ষেত্রে মৃত্যুসনদ
গ) আবেদনকারীর জন্মনিবন্ধন সনদ
ঘ) আবেদনকারীর পিতা ও মাতার এসএসসি সনদ (প্রযোজ্য ক্ষেত্রে)/জাতীয় পরিচয়পত্র
ঙ) মুক্তিযোদ্ধার নাম উল্লেখসহ মুক্তিবার্তার ও গেজেটের সংশ্লিষ্ট পৃষ্ঠার ফটোকপি
চ) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে সংরক্ষিত ডাটাবেজ থেকে ডাউনলোডকৃত সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধার তথ্যের প্রতিলিপি

ii. উপজাতি কোটায় আবেদনকারীদের জন্য-

ক) উপজাতি প্রধান/জেলা প্রশাসকের সনদপত্র
খ) আবেদনকারীর পিতা/মাতার জাতীয় পরিচয়পত্র

iii. প্রতিবন্ধী কোটায় আবেদনকারীদের জন্য-

ক) সমাজসেবা অধিদপ্তর কর্তৃক ইস্যুকৃত যথাযথ সনদ

iv. হরিজন ও দলিত সম্প্রদায় কোটায় আবেদনকারীদের জন্য-

ক) হরিজন ও দলিত সম্প্রদায়ের ক্ষেত্রে নিজ জেলার জেলা প্রশাসকের সনদপত্র

v. খেলোয়াড় কোটায় আবেদনকারীদের জন্য-

ক)) বিকেএসপি থেকে এইচএসসি পাসের সনদ থাকতে হবে

vi. পোষ্য কোটায় আবেদনকারীদের জন্য-

ক) অত্র বিশ্ববিদ্যালয় চাকুরিরত শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের পোষ্যদের ক্ষেত্রে (সন্তান/স্বামী-স্ত্রী) বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার কর্তৃক স্বাক্ষরিত সনদপত্র।

রেজিস্ট্রারের কার্যালয়
বরিশাল বিশ্ববিদ্যালয়
ফোন: ০৪৩১-৬২২৪৪, ০১৭১১১৮২১৬৫, ফ্যাক্স: ০৪৩১-৬১৮২৭
web:https://bu.ac.bd, e-mail: registrar@bu.ac.bd

২) ডিন অফিসে ভর্তি ফরম জমা দেয়ার পরে শিক্ষার্থীকে এসএসসি ও এইচএসসি পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড, জাতীয় পরিচয়পত্র/জন্মসনদ, এসএসসি ও এইচএসসি পরীক্ষার মূল ট্রান্সক্রিপ্ট অথবা GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়ে মূল ট্রান্সক্রিপ্ট জমাদানের মূল রশিদ এবং কোটার স্বপক্ষে দাখিলকৃত কাগজপত্রের মূলকপিসহ সংশ্লিষ্ট বিভাগের চেয়ারম্যানের নিকট উপস্থিত হতে হবে।

৩) বিভাগের সংশ্লিষ্ট শিক্ষক উপরিল্লিখিত কাগজপত্রের ফটোকপিসমূহ মূল কাগজপত্র দেখে যাচাই-বাচাই করে সত্যায়ন করবেন।

৪) যারা অন্য বিশ্ববিদ্যালয়ে প্রাথমিক ভর্তি নিশ্চিত করেছে, GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহ তাদের কাছে সংরক্ষিত ট্রান্সক্রিপ্ট হস্তান্তর শুরু করলে হস্তান্তর শুরুর ১০ (দশ) দিনের মধ্যে উক্ত মূল ট্রান্সক্রিপ্ট সংগ্রহপূর্বক বরিশাল বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট বিভাগে জমাদান করতে হবে। বিভাগে উক্ত সময়ের মধ্যে মূল ট্রান্সক্রিপ্ট জমাদানে ব্যর্থ হলে শিক্ষার্থীর ভর্তি বাতিল বলে গণ্য হবে।

৫) **বিভাগ কর্তৃক কাগজপত্র নিরীক্ষা শেষে আবেদনপত্র ও পে-স্লিপ বিভাগ থেকে নিয়ে ব্যাংকে ভর্তি ফি জমা দিয়ে ভর্তিকার্য সম্পন্ন করতে হবে।**

৬) ভর্তি ফি ১৫,১৫০/- (পনের হাজার একশত পঞ্চাশ) টাকা থেকে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা প্রাথমিক ভর্তি নিশ্চায়নে পরিশোধিত হয়েছে বিধায় অবশিষ্ট ১০,১৫০/- (দশ হাজার একশত পঞ্চাশ) টাকা সোনালী ব্যাংক বরিশাল বিশ্ববিদ্যালয় শাখায় জমা প্রদান করতে হবে । উল্লেখ্য, বিজ্ঞান ও প্রকৌশল অনুষদ এবং জীববিজ্ঞান অনুষদের জন্য সংশ্লিষ্ট বিভাগ কর্তৃক নির্ধারিত ল্যাব ফি যুক্ত হবে। ব্যাংকে ভর্তি ফি সকাল ১০:০০ টা থেকে বিকাল ৫:০০ টা পর্যন্ত জমাদান করা যাবে।

৭) বিভাগ উন্নয়ন ফি এবং ল্যাব ফি বিভাগ কর্তৃক নির্দেশিত সময়ে বিভাগের ব্যাংক হিসাব-এ জমা দিতে হবে।

বি. দ্র. ২০২৩-২৪ শিক্ষাবর্ষের স্নাতক (সম্মান) শ্রেণির ১ম বর্ষ ১ম সেমিস্টার ক্লাস কার্যক্রম ২১ অক্টোবর ২০২৪ তারিখে শুরু হবে।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে-

২/১০/২৪
মো. মনিরুল ইসলাম
সদস্য-সচিব
মূল ভর্তি কমিটি
ভর্তি পরীক্ষা ২০২৩-২৪
ও
রেজিস্ট্রার
বরিশাল বিশ্ববিদ্যালয়

স্মারক নং-বিইউ/রেজি./একাডেমিক/ভর্তি পরীক্ষা/২০২৩-২০২৪/৬২১/৪২৭৫

তারিখ: ১৭ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ
০২ অক্টোবর ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি(জ্যেষ্ঠতানুসারে নয়):
১। ডিন, সকল অনুষদ, বরিশাল বিশ্ববিদ্যালয়।
২। চেয়ারম্যান, সকল বিভাগ, বরিশাল বিশ্ববিদ্যালয়।
৩। প্রক্টর, বরিশাল বিশ্ববিদ্যালয়।
৪। আহ্বায়ক, টেকনিক্যাল কমিটি, ভর্তি পরীক্ষা ২০২৩-২৪, বরিশাল বিশ্ববিদ্যালয় (ওয়েব সাইটে আপলোড করার জন্য)।
৫। সমন্বয়কবৃন্দ 'ক', 'খ' ও 'গ' ইউনিট ভর্তি কমিটি, ভর্তি পরীক্ষা ২০২৩-২৪, বরিশাল বিশ্ববিদ্যালয়।
৬। উপাচার্য মহোদয়ের একান্ত সচিব, বরিশাল বিশ্ববিদ্যালয় (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭। নথি/মহানথি।

০২/১০/২৪
মোঃ মিলন
ডেপুটি রেজিস্ট্রার
বরিশাল বিশ্ববিদ্যালয়